গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কাহারোল, দিনাজপুর

# জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃআব্দুল মালেক সরকার
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ-১৫/০৭/২০২১ খ্রি:।
সময়: দুপুর ১২:০০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হলো।

<u>সভার আলোচ্যসূচি:</u>

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ২০২০-২০২১ অর্থ বছরের এডিপির অগ্রগতি বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন দপ্তরের চলমান কার্যক্রম পর্যালোচনা।
৪। বিবিধ ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভায় উপস্থিত জনাব মনোরঞ্জন শীল গোপাল , মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬, দিনাজপুর-১ মহোদয়কে সভায় উপস্থিত হওয়ায় কৃতজ্ঞতা জানান হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ১৭/০৬/২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১।স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি বলেন করোনা পরিস্থিতি মোকাবেলায় সচেতনতা ও মাস্ক পরিধানের কোন বিকল্প নেই। পার্শ্ববর্তী দেশের ভেরিয়্যান্ট দেশে চলে আশায় সকলকে আরো সতর্ক হতে হবে। সকলকে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান ও এবিষয়ে জণসচেতনতা বৃদ্ধির জন্য অনুরোধ জানান। | ১। বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।<br>২। সকলকে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য ও এবিষয়ে জণসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২।কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার,কাহারোল,দিনাজপুর সভায় জানান যে,তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। কৃষকদের মাঠ পর্যায়ে কৃষি পরামর্শ/তদারকী কার্যক্রম অব্যাহত আছে। তিনি জানান বোরো ধান কর্তন শেষ পর্যায়ে। জৈব পদ্ধতিতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে স্বল্প বিষে আবাদের কার্যক্রম চলমান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, |
| ৩।প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রাণিসপম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার অদ্যকার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি-র আওতায় গৃহীত সকল প্রকল্প কাজ শেষ হয়েছে । উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা প্রকৌশলী কর্তৃক এখন পর্যন্ত উপজেলা | ১। বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পরিষদ চেয়ারম্যানের | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদ চেয়ারম্যানের বাসভবন নির্মানের এবং উপজেলা পরিষদের জন্য এক ও অভিন্ন ডিজাইনের প্রবেশ গেট নির্মাণের এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে একটি মুজিব কর্ণার নির্মাণের বিষয়ে কোন প্রকল্প প্রস্তাবনা দাখিল হচ্ছে না- যা অত্যান্ত দু:খ জনক। তিনি জরুরী ভিত্তিতে উক্ত প্রকল্প প্রস্তাবনা দালিখ করার জন্য উপজেলা প্রকৌশলীকে পুনরায় অনুরোধ করেন। | বাসভবন নির্মানের এবং উপজেলা পরিষদের জন্য এক ও অভিন্ন ডিজাইনের প্রবেশ গেট নির্মাণের এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে একটি মুজিব কর্ণার নির্মাণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রকল্প প্রস্তাবনা দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে পুনরায় অনুরোধ করা হয়। | |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ (তদন্ত),কাহারোল থানা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো বলেন যে, সমাজসেবা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা, আগারগাঁও, ঢাকা হতে গত ০৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে ৪১.০১.০০০০.০০৭.১৪.৩৯৮.১৯.১০৮ স্মারকাদেশ প্রস্তাবিত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন উপজেলা প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনে কাহারোল উপজেলার জন্য উপজেলা পরিষদের (৮৭ ফটX৬০ ফুট) মোট জমি ১২ শতাংশ, মৌজা- উচৎপুর, জে এল নং-৯৭, হালদাগ নং-৫২ খতিয়ান নং- ৮২৩ নম্বরে জমির ডিজিটাল সার্ভে নক্সা ও সীমানা চিহ্নিত করনসহ যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে মর্মে উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করেন। বিষয়টি কাহারোল উপজেলার সমাজসেবা অধিদপ্তরের বৃহত্তর স্বার্থে কমপ্লেক্সটি নির্মাণের জন্য উথ্থাপিত দাগে জমির পরিমাণ অনুমোদন করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কাহারোল উপজেলার বৃহত্তর স্বর্থে উপজেলা পরিষদ চত্তরে উপজেলা সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত দাগের ১২ শতাংশ জমি প্রদানে সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সমাজসেবা অফিসার অনুরোধ করা হয়।<br>২। বিস্তারিত আলোচনান্তে কাহারোল উপজেলার বৃহত্তর স্বার্থে পরিষদ মালিকানাধীন প্রস্তাবিত দাগের ১২ শতাংশ জমিতে উপজেলা সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে-কোন সমস্যা নেই। করোনাজনিত কারণে অনলাইনে ক্লাস চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯।মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। তিনি বলেন যে, গত ২০/০৬/২০২১ তারিখে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় মুজিববর্ষ উপলক্ষ্যে ২য় পর্যায়ে জমি নাই গৃহ নাই এমন (ক) শ্রেণীভূক্ত পরিবারদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহ ও জমি বরাদ্দের উদ্বোধনের মাধ্যমে কাহারোল উপজেলায় ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৯০টি এবং উপজেলা পরিষদ হতে ২টি সহ মোট ৯২টি বসতবাড়ীর কবুলিয়ত দলিল ও খারিজ এসব পরিবারের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সম্পৃক্ত থেকে উপজেলা পরিষদ হলরুমে প্রদান হয়েছে। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২।পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,কাহারোল সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে-কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,কাহারোলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১৩। জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য বিভাগ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে-কোন সমস্যা নেই। উপজেলা নির্বাহী অফিসার তাকে মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীনদের জন্য নির্মিত বসতবাড়ীতে জরুরী ভিত্তিতে টিউবওয়েল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | স্যানিটেশন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির ও বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার অদ্যকার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭।বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯।আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী ,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান তার বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | খেলাপী ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা সমন্বয়কারী ,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক কাহারোলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী |
| ২১।পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় সভায় জানান যে, তার বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য অফিসার | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান যে, তার বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক |
| ২৫।পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানাজার, পল্লী বিদ্যুৎ সমিতি,কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭।তথ্যসেবা কর্মকর্তা | তথ্যসেবা কর্মকর্তা, কাহারোল সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ২৮। ।ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার,ইসলামিক ফাউন্ডেশন,কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ২৯। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩০। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৮/০৬/২০২১ খ্রি: হতে ১৪/০৭/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>বিবরণ নিম্নরুপ:<br>১। ২০/৬/২০২১ খ্রি: তারিখে জনাব বিষ্ণু চন্দ্র রায়, জীপচালক উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে জীপ গাড়ী সার্ভিসিং বাবদ টাকা ৩৪,৪৭০/-<br>২। ২০/০৬/২০২১ খ্রি: তারিখ উপজেলা পরিষদের চেয়ারম্যানের গেষ্ট হাউসের সোভসেট সরবরাহের ব্যয় বাবদ টাকা ৫৩,৬২২/-<br>৩। ২২/০৬/২০২১ খ্রি: তারিখ আনসার সদস্যের চকির ও অন্যান্য বিল বাবদ টাকা ২৯,৩৩০/-<br>৪।২২/৬/২০২১ খ্রি: তারিখে চেয়ারম্যান, ৩ নং মুকুন্দপুর ইউ,পি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ছাদের ব্যয় বাবদ টাকা ২,০০,০০০/-<br>৫। ২২/৬/২০২১ খ্রি: তারিখে জনাব মোছাঃ কুলসুম বেগম স্বামী-মোঃ আবুল হোসেন, গ্রাম-বাদলপাড়া, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে ঘরবাড়ী মেরামত বাবদ টাকা ৩,০০০/-<br>৬। ২২/৬/২০২১ খ্রি: তারিখে জনাব বিমল চন্দ্র রায়, পিতা- মৃত- কমলাকান্ত রায়, কাহারোল,দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে ঘরবাড়ী মেরামত বাবদ টাকা ৩,০০০/-<br>৭। ২২/৬/২০২১ খ্রি: তারিখে জনাব মোছা: মশিরন বেগম, স্বমী- মৃত- গলিয়া মোহাম্মদ, গ্রাম- ইছাইল,কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে ঘরবাড়ী মেরামত বাবদ টাকা ৩,০০০/-<br>৮। ২২/৬/২০২১ খ্রি: তারিখে জনাব মোঃ আশরাফ আলী, স্বমী- মৃত- উদ্দীন, গ্রাম- বগদইড় হাট,কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে ঘরবাড়ী মেরামত বাবদ টাকা ৩,০০০/-<br>৯। ২২/৬/২০২১ খ্রি: তারিখে জনাব মোঃ আব্দুল গফ্ফার, স্বমী- মৃত- শাহাজান আলী, গ্রাম- দক্ষিন মহেশপুর,কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে ঘরবাড়ী মেরামত বাবদ টাকা ৩,০০০/-<br>১০। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে জনাব মোঃ আব্দুল মালেক | গত ১৮/০৬/২০২১ খ্রি: হতে ১৪/০৭/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা=৮২৪ ৯২২/-<br>(কথায়- দুই লক্ষ বাহাত্তর হাজার ছয়শত টাকা) মাত্র ব্যয় অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল দিনাজপুর কে<br>এপ্রিল ও মে,২০২১ মাসের ভ্রমন ভাতা বাবদ টাকা ১৫,০০০/-<br>১১। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে জনাব ঈদয় চন্দ্র রায়,<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল দিনাজপুর কে<br>এপ্রিল ও মে,২০২১ মাসের ভ্রমন ভাতা বাবদ টাকা ১০,০০০/-<br>১২। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে জনাব মোছাঃ মৌসুমী আক্তার<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল দিনাজপুর<br>কে মে,২০২১ মাসের ভ্রমন ভাতা বাবদ টাকা ৫,০০০/-<br>১৩। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে বাসা বাড়ী মেরামত ব্যয় বাবদ<br>টাকা ২৪,৯১০/-<br>১৪। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে উপজেলা নির্বাহী অফিসের অফিস<br>রুমে এসি এয় ব্যয় বাবদ টাকা ১,৩১,০৮০/-<br>১৫। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে উপজেলা পরিষদে **C C** ক্যামরা ও<br>অন্যান্য মালামাল ব্যয় বাবদ টাকা ৬৯৪০/-<br>১৬। ২৩/০৬/২০২১ খ্রি: তারিখে উপজেলা পরিষদের ইন্টারন্টে<br>বিল ব্যয় বাবদ টাকা ২৪,৯২০/-<br>১৭। ২৪/০৬/২০২১ খ্রি: তারিখে বাসা বাড়ী মেরামত ব্যয় বাবদ<br>টাকা ২৪,৯২০/-<br>১৮। ২৭/০৬/২০২১ খ্রি: তারিখে বাসা বাড়ী মেরামত ব্যয় বাবদ<br>টাকা ২৫,৯৮০/-<br>১৯। ২৭/০৬/২০২১ খ্রি: তারিখে ইন্টারনেট সার্ভারের সোলার<br>প্যানেলের ব্যাটারী মেরামত ব্যয় বাবদ টাকা ৯৩০০/-<br>২০। ২৭/০৬/২০২১ খ্রি: তারিখে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>কাহারোল,দিনাজপুরকে জুলাই/২০২১ হতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত<br>স্থায়ী কমিটির সভার ব্যয় বাবদ টাকা ২৪০০০/<br>২১। ২৭/০৬/২০২১ খ্রি: তারিখে মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে জুলাই/২০২১<br>হতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত স্থায়ী কমিটির সভার ব্যয় বাবদ<br>টাকা ২৪০০০/-<br>২২। ৮/০৭/২০২১ খ্রি: তারিখে জনাব মোঃ আব্দুল মালেক<br>সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল দিনাজপুর কে<br>জুন,২০২১ মাসের সম্মানী ভাতা বাবদ টাকা ৪০,০০০/-<br>২৩। ৮/০৭/২০২১ খ্রি: তারিখে জনাব মোঃ আব্দুল মালেক<br>সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল দিনাজপুর কে<br>জুন,২০২১ মাসের বাড়ী ভাড়া বাবদ টাকা ৫,০০০/-<br>২২। ৮/০৭/২০২১ খ্রি: তারিখে জনাব ঈদয় চন্দ্র রায়,<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল দিনাজপুর কে<br>জুন,২০২১ মাসের সম্মানী ভাতা বাবদ টাকা ২৭,০০০/-<br>২৩। ৮/০৭/২০২১ খ্রি: তারিখে জনাব মৌসুমী আক্তার,<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোলকে<br>জুন,২০২১ মাসের সম্মানী ভাতা বাবদ টাকা ২৭,০০০/-<br>২৪। ০৮/০৭/২১ খ্রি: তারিখ জনাব মোঃ রমিজ উদ্দীন, মালী, উপজেলা<br>পরিষদকে জুর ২০২১মাসের মজুরি বাবদ টাকা ১৬,৫০০/-<br>২৫। ০৮/০৭/২১ খ্রি: তারিখ জনাব মোঃ মাহফূজ আহমেদ,<br>পরিছন্নতা কর্মী, উপজেলা পরিষদকে জুন ২০২১মাসের<br>মজুরি বাবদ টাক ১৫৯৫০/-<br>২৬। ১৩/০৭/২০২১ খ্রি: তারিখে উপজেলা পরিষদের জুন/২১<br>মাসের আপ্যায়ন ব্যয় বাবদ টাকা ৩০,০০০/-<br>২৭। ১৩/০৭/২০২১ খ্রি: তারিখে উপজেলা পরিষদের জুন/২১ | | |

| | | | |
|---|---|---|---|
| | মাসের আনুষাংগিক ব্যয় বাবদ টাকা ৫,০০০/-<br>সর্বমোট=৮২৪ ৯২২/-<br>কথায়=(আট লক্ষ চব্বিশ হাজার নয়শত বাইশ ) টাকা মাত্র। | | |
| বিবিধ-২ | বাল্য বিবাহ, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইঃ<br>সভাপতি বাল্য বিবাহ নিরোধ আইন, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় জানতে চান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, ইতোমধ্যে কাহারোল উপজেলাকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে এবং বাল্যবিবাহ ও মাদক প্রতিরোধে লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য এ কার্যালয়ের সামনে ১টি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। যা দৈনন্দিন মনিটরিং করা হচ্ছে । নিয়মিত গ্রাম আদালতের তথ্য সংগ্রহ করা হচ্ছে। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইয়ের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে । | বাল্য বিবাহ নিরোধ আইন,গ্রাম-আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল,নিরাপদ খাদ্য আইন- ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল ইউ,পি চেয়ারম্যান ও কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**কাহারোল, দিনাজপুর**

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১- ৭৫৭ (৫০) তারিখ: ২৮ জুলাই ২০২১খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ...................................................... অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ...................................................... ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ..........................................................................................
১৪। অফিস কপি।

(মনিরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫